

গায়ক - শান্তি ফকির
পদকর্তা - মজিদ শাহ

হেরা গুহায় নাজেল কোরান উহার সন্ধান করলি না রে
সাত অক্ষরে নাজেল করান হাদিসে তার ঠিকানা রে।
দুই দিক থেকে হরফ এসে তিন আর চার এক সাথে মেশে
প্রকাশ হল তিনটে হরফ আজো চিনতে পারলি না রে।
শয়তান যারে দেয় ধোঁকা বোঝে না কোরান সে বোকা
আজাজিল ধরেছে তারে কামেল মুর্শিদ চিনলি না রে।
মুত্তাকিন লিল হুদা নুর মহম্মদ পাৰি কোথা
শা মজিদ বলে লও গো খুঁজে আছে সে কোরানখানা রে।